

ভর্তি ফি বৃদ্ধির প্রতিবাদে বিক্ষোভ শাবিপ্রবিতে

শাবিপ্রবি প্রতিনিধি

২৩ জানুয়ারি ২০২৩

১২:০০ এএম | আপডেট:

২৩ জানুয়ারি ২০২৩

১২:৪৪ এএম

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
আমাদের সমস্যা

advertisement

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) ২০২১-২২ সেশনে ভর্তির ফি বাড়ানোর প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন সাধারণ শিক্ষার্থীরা। গতকাল রোববার দুপুরে বিশ্ববিদ্যালয়ের অর্জুনতলা থেকে বিক্ষোভ মিছিল বের করেন শিক্ষার্থীরা। মিছিলটি ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে গোলচত্বরে সমাবেশে মিলিত হয়। সমাবেশে সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মো. তানভীর রহমানের সঞ্চালনায় বক্তব্য রাখেন বাংলা বিভাগের শিক্ষার্থী ওসমান গণি, পদার্থবিজ্ঞানের সজীব আহমেদ জয়, গণিত বিভাগের সজীব আহমেদ তাসিন।

এ সময় বক্তারা বলেন, অগণতান্ত্রিক ও অযৌক্তিকভাবে ভর্তি ফি বাড়িয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গত বছর ভর্তি ফি ছিল সাড়ে ৮ হাজার টাকা। এ বছর তা একলাফে ১৫ হাজার টাকা করা হয়েছে, যা একজন মধ্যবিত্ত ও নিম্নবিত্ত

advertisement

শিক্ষার্থীর জন্য বোঝা হয়ে দাঁড়িয়েছে। এই অবস্থা চলতে থাকলে সমাজের একাংশ শিক্ষার্থী উচ্চশিক্ষা থেকে বঞ্চিত হবেন, যা অগণতান্ত্রিক। শিক্ষা প্রত্যেক মানুষের মৌলিক অধিকার অথচ ভর্তি ফি যেভাবে বাড়ানো হচ্ছে তাতে গরিব শিক্ষার্থীরা ভর্তি হতে হিমশিম খাচ্ছেন। আমরা ভর্তি ফি বাড়ানোয় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। অতিদ্রুত এ ফি কমানোর দাবি জানাচ্ছি। প্রসঙ্গত, ২০২১-২২ সেশনে প্রথম বর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রাথমিক ভর্তি নিশ্চিত করতে গুচ্ছের মাধ্যমে ৫ হাজার টাকা পরিশোধ করেছে। সরাসরি ভর্তির সময় আরও ১০ হাজার টাকা দিতে হবে।